

# বিশ্বাস

শামস্ রহমান

যাদের উঠান গেল উপাসনার মধ্যরাতে  
হয়তো একদিন দৈন্য তাদের লাঘব হবে  
জীবন সংগ্রামের শ্রেষ্ঠত্বে।

যাদের জীবন গেল জীবন-জগত অন্বেষণে  
হয়তো নিরাময় খুঁজে তারা  
মরণ আর নতুন জীবনের সন্ধিক্ষণে।

তবে যারা হারালো হৃদয়ে আশ্রিত বিশ্বাস -  
মনুষ্যত্ব ধারণের অন্তিম শ্বাস  
কেমনে জোগাবে তারা হারানো বিশ্বাসে আশ্বাস?

---

মেলবর্ণ, ২১ অক্টোবর ২০২১

